



ক্ষুদ্র নাটকের দৃশ্যকল্প

২ মিনিটের

ফরব ক্ষুদ্র নাটক

সহায়কদের জন্য নির্দেশনা: অধিবেশনে ব্যবহারের জন্য নিম্নোক্ত দৃশ্যকল্পগুলো থেকে বেছে নিন। পর্যাপ্ত সংখ্যক কপি মুদ্রণ করুন যাতে প্রতিটি দলের জন্য বাছাইকৃত দৃশ্যকল্পের ২ বা ৩টি করে কপি থাকে।



ক্ষুদ্র নাটকের দৃশ্যকল্প

নাট্যদৃশ্য:

পথে এবং কর্মস্থলে

একজন নারী কাজে যাচ্ছেন। তিনি এমন পোশাক পরেছেন যার ফলে বোঝা যাচ্ছে যে তিনি এলাকার ধর্মীয় সংখ্যালঘুদের একজন। তার পোশাকের কারণে একজন পথচারী তাকে উত্থাপন করতে শুরু করে। কেউ তাকে সাহায্য করে না। তিনি একজন পুলিশ কর্মকর্তাকে দেখে তাকে সাহায্যের আবেদন জানান। উত্থাপকারী পালিয়ে যায় কিন্তু পুলিশ কর্মকর্তা কোনভাবেই সাহায্য করে না। তিনি তার অফিসে যেয়ে দেখেন তার একজন অধস্তন সহকর্মী পদোন্নতি উদযাপন করছেন। অর্থাৎ, আবারও তাকে পদোন্নতির জন্য বিবেচনা করা হয়নি।

চরিত্রসমূহ

যে চরিত্রগুলি অপরিহার্য: নারী, উত্থাপকারী, পুলিশ কর্মকর্তা, পথচারী।

অতিরিক্ত চরিত্র: আরও সহকর্মী এবং পথচারী

নাট্যদৃশ্য:

উপাসনার স্থান

একটি ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায় এক টুকরো জমি কিনেছে এবং কর্তৃপক্ষের কাছ থেকে একটি উপাসনালয় নির্মাণের অনুমতি পেয়েছে। তারা নির্মাণ শুরু করলেও ভবনটি নিয়মিত ভাঙচুর করা হয়। তারা পুলিশ এবং স্থানীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার পরে তাদেরকে জানানো হয় এ বিষয়ে কর্তৃপক্ষ বা পুলিশের কিছু করার নেই। অবশেষে উপাসনালয়টি তৈরি করলেও, সেখানে উপাসনা করতে যেয়ে তাদেরকে সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের সদস্যদের দ্বারা হয়রানি এবং কুটুঙ্গির সম্মুখীন হতে হয়।

চরিত্রসমূহ

যে চরিত্রগুলি অপরিহার্য: সংখ্যালঘু সম্প্রদায়ের দুইজন সদস্য, পুলিশ কর্মকর্তা, স্থানীয় কর্তৃপক্ষের প্রতিনিধি, সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের দুইজন সদস্য

অতিরিক্ত চরিত্র: সংখ্যালঘু এবং সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের আরও সদস্য



স্ক্রুদ নাটকের দৃশ্যকল্প

নাট্যদৃশ্য:

বিদ্যালয়ে ফরব

অন্য দিনগুলোর মতোই একটি সাধারণ দিনে, সংখ্যালঘু সম্প্রদায়ের একটি ১২ বছর বয়সী ছেলে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যায়। সংখ্যাগরিষ্ঠ ধর্মীয় রীতি অনুযায়ী প্রার্থনার মাধ্যমে দিনটি শুরু করতে হয় এবং তাকেও এ প্রার্থনায় অংশ নিতে হয়। প্রার্থনার পরে, ইতিহাস শিক্ষার ক্লাস শুরু হলে, শিক্ষক পাঠ্যপুস্তক থেকে যা পড়েন সেখানে উক্ত সংখ্যালঘু ধর্মীয় সম্প্রদায় সম্পর্কে অবমাননাকর উক্তি থাকে। শিক্ষার পর বিরতিতে, সহপাঠীরা ছেলেটির ধর্মীয় পরিচয়ের কারণে তাকে উত্যক্ত করে এবং তাকে খেলায় নিতে অস্বীকার করে।

চরিত্রসমূহ

যে চরিত্রগুলি অপরিহার্য: ছাত্র, একজন ধর্ম/ইতিহাস শিক্ষক, দুইজন সহপাঠী

অতিরিক্ত চরিত্র: আরও কয়েকজন শিক্ষক এবং সহপাঠী



স্ক্রুদ নাটকের দৃশ্যকল্প

নাট্যদৃশ্য:

পরিবারে ফরব

একজন ১৭ বছর বয়সী কিশোরী শিক্ষক হওয়ার প্রশিক্ষণ নিতে বিশ্ববিদ্যালয়ে যেতে চায়। তার বাবা-মা এই অনুমতি দিতে অস্বীকার করছেন। তারা চায় পরিবারের সম্মান রক্ষার জন্য সে বরং বিয়ে করুক। তারা যুক্তি দেখায় যে, তাদের ধর্মে মেয়েদের শিক্ষার প্রতি কোন গুরুত্ব আরোপ করে না কেননা নারীদের ভূমিকা বাড়িতে থাকা। কিশোরীটি এই বিশ্বাসের সাথে একমত নয় এবং নিজের সিদ্ধান্ত নিজে নিতে চায়। জোর করে তাকে বিয়ে দেয়া হতে পারে এই আশঙ্কায় সে অন্য শহরে একজন পরিচিত বয়স্ক নারীর সাথে থাকতে পালিয়ে যায়। তার পরিবার তাকে নিখোঁজ হিসেবে পুলিশে অভিযোগ জানায়। খুঁজে পাবার পর, পুলিশ তাকে তার ইচ্ছার বিরুদ্ধে তার বাবা-মার কাছে ফিরিয়ে দেয়। পরের দিন কিশোরীটিকে এমন একজনের সাথে বিয়ে দেয়া হয় যাকে সে আগে কখনো দেখেনি এবং তাকে বাড়ি থেকে বের হতে দেওয়া হয় না।

চরিত্রসমূহ

যে চরিত্রগুলি অপরিহার্য: মেয়ে, তার মা এবং বাবা, বন্ধু, পুলিশ অফিসার, মেয়েটির স্বামী

অতিরিক্ত চরিত্র: পরিবারের আরও সদস্য, বিয়েতে উপস্থিত লোকজন, আরও পুলিশ অফিসার



ক্ষুদ্র নাটকের দৃশ্যকল্প

নাট্যদৃশ্য:

প্রতিবাদ – দুর্নীতি এবং সহিংসতা

একটি সরকারি বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রী দৈনিক ছাত্র-পত্রিকায় তার অধ্যাপকের বিরুদ্ধে যৌন হয়রানির প্রতিবেদন পেশ করেন। বিশ্ববিদ্যালয়টির একজন ছাত্র-সাংবাদিক উক্ত বিষয়ে অধ্যক্ষের সাক্ষাৎকার গ্রহণ করেন। বিশ্ববিদ্যালয় ঘটনাটি খামাচাপা দিতে চায়, তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব রটায় যে, উক্ত ছাত্র-সাংবাদিক ধর্মীয় বিশ্বাস ও ধর্মীয় নেতাদের সমালোচনা করেছেন। ফলশ্রুতিতে, উক্ত ছাত্র-সাংবাদিক এবং সংবাদপত্রটির বিরুদ্ধে ধর্মদ্রোহিতার অভিযোগ তুলে একদল সহিংস জনতা বিশ্ববিদ্যালয় চত্বরে বিক্ষোভ করতে জড়ো হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিক্ষোভকে অজুহাত হিসাবে ব্যবহার করে দৈনিক ছাত্র-পত্রিকাটি বন্ধ করতে সচেষ্ট হয়। ধর্মীয় অবমাননার অভিযোগে পুলিশ ওই ছাত্র-সাংবাদিককে আটক করেছে।

চরিত্রসমূহ

যে চরিত্রগুলি অপরিহার্য: ছাত্র, সাংবাদিক, বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ, বিক্ষুব্ধ জনতা (দুইজন), পুলিশ কর্মকর্তা

অতিরিক্ত চরিত্র: আরও জনতা



ক্ষুদ্র নাটকের দৃশ্যকল্প